গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
আইসিটি শাখা

## জেলা ইনোভেশন কমিটির অক্টোবর ২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | দেওয়ান মাহবুবুর রহমান<br>জেলা প্রশাসক, নোয়াখালী |
| সভার তারিখ | ৩০ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বেলা ১:৩০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | সভায় অংশগ্রহণকৃত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক তে সন্নিবেশিত |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ইনোভেশন কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে সভাপতি জেলার সকল পর্যায়ের দপ্তর ও সংস্থাসমূহকে ইনোভেশন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে অধিকতর তৎপর হওয়ার জন্য অনুরোধ করেন। সভাপতি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নোয়াখালীকে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন এবং সদস্যবৃন্দকে আলোচ্যসূচির উপর মতামত পেশ করার অনুরোধ করেন। অতঃপর কমিটির সদস্যবৃন্দ সভায় আলোচ্যসূচি অনুসারে তাদের মতামত পেশ করেন। উপস্থাপিত বিষয়গুলোর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**০২) সভা ও সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**

(ক) সভার শুরুতে পূর্ববর্তী সভার (সেপ্টেম্বর ২০২৩) কার্যবিবরণী পাঠ করা হয় এবং কারো কোন সংশোধনী, সংযোজন/বিয়োজন আছে কিনা তা সভায় জানতে চাওয়া হয়।

**সিদ্ধান্ত:**

**২.১)** সেপ্টেম্বর ২০২৩ মাসের সভার কার্যবিবরণীর উপর কারো কোনো সংশোধনী, সংযোজন/বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

**(খ)** উপজেলা ইনোভেশন টিমের সভা আহবান:

মন্ত্রিপরিষদ বিভাগ এর প্রজ্ঞাপনের ক্রমিক নং ৪ এর (৩) নং কার্যপরিধি এর ২নং ক্রমিকের (খ)নং নির্দেশনা মোতাবেক প্রতিটি উপজেলা ইনোভেশন টিমকে প্রতি মাসে সভা আয়োজন এবং আবশ্যিকভাবে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে জেলা কমিটির নিকট প্রেরণ করার নির্দেশনা রয়েছে। তারই ধারাবাহিকতায় গত সেপ্টেম্বর ২০২৩ মাসের উপজেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী অত্র কার্যালয়ে প্রাপ্তি সংক্রান্ত রিপোর্ট নিম্নরূপ:

| ক্রমিক নং | সেপ্টেম্বর ২০২৩ মাসের উপজেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী | |
|---|---|---|
| | **উপজেলার নাম** | **কার্যবিবরণী** |
| ০১. | কবিরহাট উপজেলা | পাওয়া যায় |

| | | |
|---|---|---|
| ০২. | চাটখিল উপজেলা | পাওয়া যায় |
| ০৩. | নোয়াখালী সদর উপজেলা | পাওয়া যায়নি |
| ০৪. | সুবর্ণচর উপজেলা | পাওয়া যায়নি |
| ০৫. | বেগমগঞ্জ উপজেলা | পাওয়া যায়নি |
| ০৬. | সোনাইমুড়ী উপজেলা | পাওয়া যায়নি |
| ০৭. | সেনবাগ উপজেলা | পাওয়া যায়নি |
| ০৮. | কোম্পানীগঞ্জ উপজেলা | পাওয়া যায়নি |
| ০৯. | হাতিয়া উপজেলা | পাওয়া যায়নি |

সেপ্টেম্বর ২০২৩ সালের উপজেলা ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করায় উপজেলা নির্বাহী অফিসার, কবিরহাট/ চাটখিল, নোয়াখালীকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

**সিদ্ধান্ত:**

**২.২)** ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উপজেলা ইনোভেশন টিমসমূহকে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া প্রণয়নসহ কমিটিকে প্রতি মাসে সভা আয়োজন করে সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে জেলা কমিটির নিকট পরবর্তী মাসের ০৫ প্রেরণ করার অনুরোধ জানিয়ে সদস্য সচিব, উপজেলা ইনোভেশন টিম (সকল), নোয়াখালীকে পত্র প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**০৩) জেলা ও উপজেলার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২০২৪ অনুসরণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ:**

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ, সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি, সুশাসন সংহতকরণে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন চর্চার গুরুত্ব অপরিসীম। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন অনুশীলনে সেবা সহজিকরণ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার উল্লেখযোগ্য। দপ্তরসমূহের সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণ/বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ । মন্ত্রিপরিষদ বিভাগ হতে জেলা ও উপজেলা পর্যায়ে ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে জেলা ও উপজেলার ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (মাঠ পর্যাযের) প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২০২৪ প্রণয়ন করা হয়েছে। উক্ত নির্দেশিকা মোতাবেক প্রণীত কর্মপরিকল্পনায় উল্লিখিত উদ্দেশ্যসমূহ যেন অর্জন করা সম্ভব হয় সে দিকে লক্ষ্য রাখার বিষয়ে আলোচনা হয়। এছাড়াও যথাসময়ে বাস্তবায়িত উদ্দেশ্যসমূহের হালনাগাদ তথ্য অর্থাৎ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ত্রৈ-মাসিক/ষান্মাসিক অগ্রগতি মূল্যায়ন ও বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন কর্মপরিকল্পনায়/এতৎসংক্রান্ত নির্দেশনায় উল্লিখিত নির্দিষ্ট তারিখের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়।

**সিদ্ধান্ত:**

**৩.১)** জেলা ও উপজেলা পর্যায়ের প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ মোতাবেক কর্মসম্পাদন সূচকের পূর্ণাঙ্গ মান অর্জনে সচেষ্ট হতে হবে।

**৩.২)** ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (মাঠ পর্যাযের) প্রণয়নকারী অফিস ত্রৈ-মাসিক ভিত্তিতে অগ্রগতি পর্যালোচনা করবে এবং অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন অফিসের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে এবং তদানুযায়ী কার্যাক্রম গ্রহণ করতে হবে।

**০৪) ২০২৩-২৪ অর্থবছরের জন্য জেলার বিভিন্ন দপ্তরের সেবায় গৃহীত নতুন উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহের সমন্বয়ে প্রকাশিত তালিকা:**

| ক্র.ন | উদ্যোগের নাম ও তারিখ | উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | সার্বিক তত্ত্বাবধানে ও সহযোগিতায় | উদ্যোগ বাস্তবায়নের জন্য কর্মপদ্ধতি। | কার্যকাল |
|---|---|---|---|---|---|---|
| ১ | বীরত্বগাঁথা (বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতি সংরক্ষণ প্রকল্প)<br><br>তারিখ: ০৯-১০-২৩ | চাটখিল উপজেলায় মোট ৭৫৪ জন বীর মুক্তিযোদ্ধাদের মধ্যে জীবিত আছে ২৫০ জন। এসকল জীবিত বীর মুক্তিযোদ্ধাদের যুদ্ধকালীন রণাঙ্গনের রক্তস্নাত অভিজ্ঞতা ও মুক্তিযুদ্ধের গৌরবময় ইতিহাস ভবিষ্যত প্রজন্মকে জানানোর তাগিদে এই প্রকল্প গ্রহণ করা হয়েছে। | উপজেলা প্রশাসন, চাটখিল, নোয়াখালী | উপজেলা প্রশাসন, চাটখিল, নোয়াখালী | উপজেলা প্রশাসন কর্তৃক ভিডিও সাক্ষাৎকার গ্রহণ ও তা ইউটিউব চ্যানেলে ধারাবাহিকভাবে আপলোড করণ এবং "বরীত্বগাঁথা" নামে স্মরণিকা প্রকাশ। | --- |

বীরত্বগাঁথা (বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতি সংরক্ষণ প্রকল্প) উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করায় উপজেলা নির্বাহী অফিসার, চাটখিল, নোয়াখালীকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়

**০৫)** বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে দপ্তরসমূহের সেবায় গৃহীত ইতঃপূর্বে চূড়ান্তভাবে নির্বাচিত নতুন উদ্ভাবনী ধারণা/উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন-**(বিবেচ্য মাস: সেপ্টেম্বর ২০২৩)**

**"ছক"**

| ক্র. নং | উদ্ভাবনের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার (নাম, পদবী, মোবাইল ও ই-মেইল) | উদ্ভাবনের কার্যক্রম শুরুর তারিখ | বাস্তবায়নের সময়সীমা | পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কাজের অগ্রগতির হার (%) |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| (০১) | মাটির স্বাস্থ্য সুরক্ষায় ভার্মি কম্পোষ্ট উৎপাদন | উপজেলা প্রশাসন, সুবর্ণচর এবং উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুবর্ণচর, নোয়াখালী। | জানুয়ারি, ২০২৩ | ডিসেম্বর, ২০২৩ | **অগ্রগতির প্রতিবেদন পাওয়া যায়নি** |

**সিদ্ধান্ত:**

**৫.১)** বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে জেলা ও উপজেলা পর্যায়ে দপ্তরসমূহের সেবায় গৃহীত ইতঃপূর্বে চূড়ান্তভাবে নির্বাচিত উদ্ভাবনী ধারণা/উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নোক্ত ছক মোতাবেক প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে জেলা ইনোভেশন অফিসারের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে।

**০৬.বিবিধ আলোচনা: ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদকরণ, ই-নথি বাস্তবায়ন, ফেইসবুক পেজ-গ্রুপ এবং ই-মেইল সক্রিয়করণ-**

**ক)** সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান যে, তথ্য বাতায়নের মেইন ম্যানুর আওতাধীন সাবম্যানুসমূহ; সেবাক্সের সকল লিংক; সকল কর্মকর্তাগণের মোবাইল নম্বর, ছবি ও ই-মেইলসহ তালিকা; নোটিশবোর্ড; বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা; জাতীয় শুদ্ধাচার কার্যক্রম; সেবা প্রদান প্রতিশ্রুতি; অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা; তথ্য অধিকার; সেবা সহজিকরণ, ডিজিটাইাজেশন ও উদ্ভাবন কার্যক্রম; বিভিন্ন কার্যক্রমের ফোকল পয়েন্ট কর্মকর্তাগণের তালিকা ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি নিয়মিত ও তাৎক্ষণিক হালনগাদ করতে হবে। এবং নিজ নিজ জেলায় সরকারের উন্নয়ন, অগ্রগতি, ও সাফল্য ওয়েবসাইটে তুলে ধরার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ করেন।

**(খ)** সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের লক্ষ্যে অফিসিয়াল চিঠিপত্র ই-নথিতে জারি করার জন্য বিশেষ নির্দেশনা প্রদান করা

হয়। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে মন্ত্রিপরিষদ বিভাগ 'এ টু আই' প্রোগ্রামের সহযোগিতায় সরকারের সকল দফতরে ই-নথি/ডি-নথির কার্যক্রম বাস্তবায়ন করছে। ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে ই-নথি/ডি-নথির ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমান পরিস্থিতিতে ই-নথি উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে।

২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে ই-নথির ব্যবহারের বাধ্যবাধকতা রয়েছে। যে কারণে সরকারের সকল দফতরে এর ব্যবহার ত্বরান্বিত করা আবশ্যিক। এ অবস্থায় সরকারের সব পর্যায়ের কার্যালয়ের দাফতরিক কাজ ই-নথিতে করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। প্রযোজ্য ক্ষেত্র ব্যতিত হার্ডফাইলে জারিকৃত চিঠিপত্র ফেরত পাঠানো হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**(গ)** নিজ নিজ জেলায় সরকারের উন্নয়ন, অগ্রগতি, ও সাফল্য ওয়েবসাইটে তুলে ধরার পাশাপাশি ব্যাপক প্রচারণার জন্য সামাজিক যোগাযোগের মাধ্যম (যেমন ফেইসবুক পেজ/গ্রুপ প্রভৃতি) ব্যবহার করা যেতে পারে। এক্ষেত্রে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ অনুযায়ী সকলকে যথাক্রমে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহারের সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করেন।

বাস্তবায়নকারীঃ জেলা ইনোভেশন অফিসার, নোয়াখালী; জেলা ও উপজেলা কর্মকর্তা (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী কমিশনার (ভূমি) (সকল), সহকারী প্রোগ্রামার (সকল), নোয়াখালী

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*******

দেওয়ান মাহবুবুর রহমান
জেলা প্রশাসক, নোয়াখালী

স্মারক নম্বর: ০৫.৪২.৭৫০০.০১৫.২২.০০১.২৩.১৭২

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪৩০
২২ নভেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
৩) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
৫) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
৬) উপপরিচালক, ইনোভেশন শাখা, প্রধানমন্ত্রীর কার্যালয়
৭) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
৮) জেলা কর্মকর্তা (সকল), নোয়াখালী
৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী

১০) সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
১১) সহকারী কমিশনার (ভূমি) (সকল), নোয়াখালী
১২) জনাব,....., সদস্য, জেলা ইনোভেশন কমিটি, নোয়াখালী
১৩) প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী
১৪) অফিস কপি

দেওয়ান মাহবুবুর রহমান
জেলা প্রশাসক